

HIGHER SECONDARY EXAMINATION, 2009
PHILOSOPHY
(Bengali Version)

Time:3 Hours 15 Minutes

Full Marks-100

বিভাগ-‘ক’

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): ১ x ১০=১০

শূন্যস্থান পূরণ করো :

ক) আবর্তনীয়ের উদ্দেশ্য পদ আবর্তিতের.....পদ হয়।

খ) p সত্য কিন্তু q মিথ্যা হলে p q হবে.....।

অথবা

সংযৌগিক বচনের একটি সংযোগী মিথ্যা হলে বচনটি হবে.....।

নিম্নোক্ত বাক্যগুলির সত্য অথবা মিথ্যা বলোঃ

গ) O বচনের আবর্তন অবৈধ।

ঘ) মিলের ব্যতিরেকী পদ্ধতি প্রধানত আবিষ্কারের পদ্ধতি, প্রমানের পদ্ধতি নয়।

অথবা

মিলের অস্বয়ী- ব্যতিরেকী পদ্ধতিটি দুটি অপসারণ সূত্রের ওপর প্রতিষ্ঠিত।

অথবা

এক কথায় উত্তর দাওঃ

ঙ) বিবর্তনে হেতুবাক্য ও সিদ্ধান্তের পরিমাণ কি ভিন্ন না অভিন্ন ?

চ) ন্যায় অনুমানে যে পদ উভয় হেতুবাক্যে উপস্থিত থাকে, কিন্তু সিদ্ধান্তে থাকে না, তার নাম লেখো।

সঠিক উত্তরটি বেছে নাওঃ

ছ) কেবলমাত্র বিধেয় পদ ব্যাপ্য হয়(A/E/I/O) বচনে।

জ) যে যুক্তিবিজ্ঞানী পরীক্ষামূলক আরোহী পদ্ধতির প্রবর্তন করেন, তিনি হলেন (বেইন / কোয়াইন / মিল / যোসফ)।

হ্যাঁ অথবা না বলো :

ঝ) একটি বিকল্প অস্বীকার করে অন্য বিকল্পটি স্বীকার করলে বৈকল্পিক- নিরপেক্ষ ন্যায়টি বৈধ হয়।

অথবা

প্রাকল্পিক- নিরপেক্ষ ন্যায়ের সিদ্ধান্তটি প্রাকল্পিক বচন।

ঞ) লৌকিক আরোহ অনুমান কার্যকরণ নিয়মের ওপর প্রতিষ্ঠিত।

অথবা

পর্যবেক্ষণ ও পরীক্ষণ হলো আরোহের বস্তুগত ভিত্তি।

বিভাগ- 'খ'

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): $২ \times ১০=২০$

ক) যুক্তির অবয়বগুলি লেখো ও উদাহরণ দাও।

খ) যুক্তির আকার কাকে বলে?

অথবা

যুক্তির বৈধতা বলতে কী বোঝ?

গ) গুণ অনুসারে নিরপেক্ষ বচনের বিভিন্ন প্রকারগুলি কী কী?

অথবা

সামান্য বচন কাকে বলে?

ঘ) অমাধ্যম অনুমান কাকে বলে?

অথবা

সীমিত আবর্তন কাকে বলে?

ঙ) বিবর্তনের যে কোনো দুটি নিয়ম উল্লেখ করো।

চ) বিরোধানুমানের বিভিন্ন প্রকারগুলি কী কী?

ছ) অধীন বিপরীত বিরোধিতা বলতে কী বোঝ?

জ) A বচন মিথ্যা হলে একই উদ্দেশ্য ও বিধেয় পদযুক্ত E বচনের সত্যমূল্য নিণয় করো।

অথবা

ঝ) প্রাকল্পিক- নিরপেক্ষ ন্যায় কাকে বলে?

ঞ) অবৈধ সামান্যীকরণ দোষের একটি উদাহরণ দাও।

অথবা

সহকার্যকে কারণ বলে মনে করার দোষের একটি উদাহরণ দাও।

বিভাগ- 'গ'

$৫ \times ৬=৩০$

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় :

ক) নিম্নলিখিত বাক্যগুলির আদর্শ নিরপেক্ষ বচনে রূপান্তরিত করে তাদের গুণ ও পরিমাণ নির্ধারণ করো :

$১ \times ৫=৫$

i) অসৎ লোকেরা সমাজের পক্ষে ক্ষতিকর।

ii) কেবল জ্ঞানী ব্যক্তিরাই দার্শনিক হয়।

iii) সব সৎ ব্যক্তি সুখী নয়।

iv) কতিপয় ছাত্র মনোযোগী।

v) লাল ফুলের গন্ধ নেই।

অথবা

নিম্নলিখিত বাক্যগুলির আদর্শ নিরপেক্ষ বচনে রূপান্তরিত করে কোন পদগুলি ব্যাপ্য এবং কোনগুলি অব্যাপ্য তা কারণসহ শনাক্ত করো :

i) কয়েকটি কমলালেবু টক।

ii) পাখীরা জন্তু নয়।

অথবা

খ) বিবর্তন করোঃ

i) রাজনীতিবিদরা কদাচিৎ সৎ।

ii) কেবলমাত্র কবিরাই আবেগপ্রবণ।

অথবা

আবর্তন করে বিবর্তন করোঃ

i) কোনো নৈয়ায়িকই বিচারবিযুক্ত নন।

ii) বেশিরভাগ লোক কুসংস্কারাচ্ছন্ন।

গ) নিরপেক্ষ ন্যায় অনুমানের বৈশিষ্ট্যগুলি লেখো।

অথবা

অবৈধ পক্ষদোষ কাকে বলে? একটি দৃষ্টান্ত লেখো।

৩+২=৫

ঘ) নিম্নে লিখিত যুক্তিটিতে যুক্তিবিজ্ঞানসম্মত আকারে সাজাও এবং বৈধ কিনা নির্ণয় করোঃ

৫

হয় অধ্যাপক দাস সুশিক্ষক অথবা তিনি সুবক্তা। তিনি সুবক্তা। অতএব, অধ্যাপক দাস সুশিক্ষক নন।

অথবা

প্রাকল্পিক- নিরপেক্ষ ন্যায়ের বৈধতার নিয়মগুলি উদাহরণসহ লেখো।

ঙ) সত্য- সারণী ব্যবহার করে নিম্নলিখিত যুক্তি- আকারগুলি বৈধ না অবৈধ নির্ণয় করো :

i) $p \supset q / p \supset (p \cdot q)$

ii) $p = q, \sim p / p \vee q$

চ) উপমা যুক্তি কাকে বলে? একটি উদাহরণ দাও।

৩+২=৫

অথবা

উদাহরণসহ 'আরোহমূলক লাফ' ব্যাখ্যা করো।

৫

বিভাগ 'ঘ'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়): $10 \times 8 = 80$

ক) নিম্নলিখিত যুক্তিগুলির বৈধতা / অবৈধতা বিচার করো। বৈধ হলে সংস্থান ও মূর্তি

উল্লেখ করো এবং অবৈধ হলে দোষ উল্লেখ করো :

৫+৫=১০

i) কেবলমাত্র সত্যবাদীরাই সৎ এবং সব সত্যবাদীরাই শ্রদ্ধার যোগ্য। সুতরাং শ্রদ্ধার যোগ্য সব ব্যক্তিই সৎ।

ii) সব ছাত্র সফল নয়। কারণ সব সফলব্যক্তি পরিশ্রমী, এবং সব ছাত্র পরিশ্রমী নয়।

অথবা

প্রমাণ করোঃ

৫+৫=১০

- i) বৈধ নিরপেক্ষ ন্যায়ে অপ্রধান হেতুবাক্য নঞর্থক হলে প্রধান হেতুবাক্য সামান্য হতে বাধ্য।
- ii) বৈধ নিরপেক্ষ ন্যায়ের দ্বিতীয় সংস্থানে প্রধান হেতুবাক্যটি সর্বদা সামান্য বচন হয়।

খ) কারণ কাকে বলে? কারণের গুণগত বৈশিষ্ট্য এবং পরিমাণগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২+৪+২=১০

অথবা

টীকা লেখোঃ

৫+৫=১০

i) আবশ্যিক শর্ত হিসেবে কারণ।

ii) পর্যাপ্ত শর্ত হিসেবে কারণ।

গ) দৃষ্টান্তের সাহায্যে মিলের অস্থায়ী পদ্ধতিটি ব্যাখ্যা করো।

১০

অথবা

দৃষ্টান্তের সাহায্যে মিলের সহপরিবর্তন পদ্ধতিটি ব্যাখ্যা করো।

১০

ঘ) নীচের আরোহ অনুমানগুলি বিচার করো এবং কোনো দোষ থাকলে তা উল্লেখ করোঃ

৫+৫=১০

i) যুদ্ধের ঠিক পরেই মহামারী দেখা গেলো। সুতরাং যুদ্ধই মহামারীর কারণ।

ii) এ পর্যন্ত যত সাদা ফুল দেখেছি সেগুলি রাতে ফোটে এবং সেগুলি

গন্ধযুক্ত। সুতরাং সব সাদা ফুলই রাতে ফোটে ও সেগুলি গন্ধযুক্ত।

অথবা

টীকা লেখোঃ

৫+৫=১০

i) মন্দ উপমা যুক্তি

ii) অপরিবেক্ষণ দোষ